জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২০৩)জাতী:বি:/রেজি:/একা:/২০১৭/ ২৯৬৮ তারিখ : ২৭.০২.২০১৯

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বিএফএ স্নাতক (পাস) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত (চলতি শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়ন থাকা সাপেক্ষে) কলেজ/ইন্সিটিউটসমূহে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিএফএ স্নাতক (পাস) কোর্সে ভর্তি সংক্রান্ত তথ্য ও নিয়মাবলী।

১। আবেদনের সাধারণ যোগ্যতা :

ক) বাংলাদেশ সরকার স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখার ২০১৪/২০১৫/২০১৬ সালের এস.এস.সি/সমমান এবং ২০১৬/২০১৭ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএফএ (প্রি-ডিগ্রী) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণ ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২। ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

আবেদনকারী প্রার্থী ভর্তি সংক্রান্ত তথ্যাদি সংযুক্ত আবেদন ফরম (নমুনা ফরম-১) অনুযায়ী পূরন করে সংশ্লিষ্ট কলেজে জমা দিবে। কলেজ কর্তৃক অত্যন্ত সতর্কতার সাথে নমুনা ছক অনুযায়ী এক্সেল ফরমেটে (নমুনা ফরম-২) টাইপ করে এবং পাসপোর্ট আকারের ছবি স্ক্যান করে হার্ড কপি ও সফট্ কপি নির্ধারিত তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।

৩। ফিসের হার:

ক) প্রাথমিক আবেদন ফি : ৩০০/-

(২০০/- টাকা জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে এবং ১০০/- টাকা সংশ্লিষ্ট কলেজ জমা রাখবে)

খ) (i) রেজিস্ট্রেশন ফি : ১২০০/-

(ii) ক্রীড়া ও সংস্কৃতি ফি : ২০/-

(iii) বিএনসিসি ফি : ৫/-

(iv) রোভার স্কাউট ফি : ১০/-

মোট = ১২৩৫/-(এক হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা।

বি. দ্র : নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ভর্তি সংক্রান্ত কোন কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির বিশেষ অনুমতির জন্য কোন প্রকার আবেদন বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৪। শিক্ষার্থী প্রতি নির্ধারিত প্রাথমিক আবেদন ফি ২০০/-.(দুই শত) টাকা ভর্তি ফান্ডে ও রেজিসট্রেশন ফি ১২৩৫/- টাকা সোনালী সেবার পে স্লিপ কলেজ প্রতিনিধি ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল এর দপ্তর থেকে নির্ধারিত তারিখের মধ্যে সংগ্রহ করে সোনালী সেবার মাধ্যমে সেনালী ব্যাংক জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ফি পরিশোধ না করলে উক্ত ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

৫। ভর্তি সংক্রান্ত সময়সূচী :

ক্রঃ	বিবরণ	তারিখ
১	শিক্ষার্থী ভর্তির আবেদন করার সময়সীমা:	০৪/০৩/২০১৯ থেকে ২১/০৩/২০১৯
২	কলেজ কর্তৃক নমুনা ছক অনুযায়ী ডাটা এন্ট্রি করে জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার শেষ তারিখ:	২৫/০৩/২০১৯ থেকে ২৮/০৩/২০১৯
৩	ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফাণ্ড ও রেজিস্ট্রেশন ফি সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংক জাতীয় বিশ্ববিদ্যালয়ের শাখায় জমা দেয়ার তারিখ:	৩১/০৩/২০১৯ থেকে ০৩/০৪/২০১৯

৬। রেজিস্ট্রেশনের মেয়াদ :

০৩ বছর মেয়াদী বিএফএ স্নাতক (পাস) কোর্সের রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৬ বছর। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা হবে না।

৭। পাঠক্রম ও পাঠ্যসূচী :

বিএফএ স্নাতক (পাস) কোর্সের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস অনুসরণ করতে হবে। পাঠক্রম ও পাঠ্যসূচীর বিষয়ে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক গৃহীত সিদ্ধান্তই সকল ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৮। আসন সংখ্যা :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত ছাত্র-ছাত্রী কোন অবস্থাতেই ভর্তি করা যাবে না। অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা হলে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হবে না। উদ্ভূত পরিস্থিতির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৯। ভর্তি সংক্রান্ত কাগজপত্র ও ফি জমার প্রমাণপত্র জমাদানকালে সর্বশেষ আসন সংখ্যার প্রমাণপত্র এবং ভর্তিকৃত শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়নপত্র (কলেজ পরিদর্শন শাখা হতে ইস্যুকৃত) সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

১০। রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত শিক্ষার্থীগণ মেনে নিতে বাধ্য থাকবেন।

১১। নিম্নবর্ণিত কলেজ সমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বিএফএ স্নাতক (পাস) কোর্সের ভর্তির রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে।

SL	C Code	College Name	SL	C Code	College Name
1	2753	BOGRA ART COLLEGE, BOGRA	5	0552	S.M. SULTAN FINE ART COLLEGE, JOSSORE
2	5615	NARAYANGANJ FINE ART INSTITUTE, NARAYNGANJ	6	6580	DHAKA ART COLLEGE, DHAKA
3	2580	RAJSHAHI ART COLLEGE, RAJSHAHI	7	0412	SM SULTAN BENGAL CHARUKALA MOHABIDYALAY,NARAIL
4	5236	SHILPACHARYA ZAINUL ABEDIN FINE ART INSTITUTE, MYMENSING			

27/12/17

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়,
গাজীপুর-১৭০৪।
ফোন : ০২-৯২৯১০৬৮, ০২-৯২৯২০৮৪
ই-মেইল : *deanug@nubd.info*

স্মারক নং-১০(২০৩)জাতী:বি:/রেজি:/একা:/২০১৭/ তারিখ : ....

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২. পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেক্ট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৪. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর- এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. অফিস কপি

27/12/17

(মোঃ আলমগীর)
উপ-রেজিস্ট্রার
একাডেমিক (অনার্স) শাখা
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪।